

সূত্র

প্রিন্ট: ১৫ এপ্রিল ২০২৬, ০৬:৪৫ এএম

শিক্ষাঙ্গন

ইবির স্বতন্ত্র 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষায় উপস্থিতি ৯২.৫ শতাংশ

Advertisement



ইবি প্রতিনিধি

প্রকাশ: ১২ এপ্রিল ২০২৬, ০৮:৩৮ পিএম

X



ইবির স্বতন্ত্র 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষায় উপস্থিতি ৯২.৫ শতাংশ

গুচ্ছের বাইরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) স্বতন্ত্র 'ডি' ইউনিটের (ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে।

রোববার বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদ ভবন এবং রবীন্দ্র-নজরুল কলা ভবনে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ২ হাজার ৩৯ ভর্তিচ্ছুর মধ্যে ১ হাজার ৮৮৬ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন; যা মোট পরীক্ষার্থী ৯২.৫ শতাংশ।

'ডি' ইউনিটের সমন্বয়কারী ও ধর্মতত্ত্ব অনুষদের ডিন অধ্যাপক ড. সেকান্দার আলী এসব তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, রোববার রাতেই ফলাফল প্রকাশ হতে পারে। ডি ইউনিটভুক্ত ৪টি বিভাগের (আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ এবং আরবি ভাষা ও সাহিত্য) ৩৩০টি আসনের বিপরীতে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ এবং ইউনিট সমন্বয়কারী কক্ষ পরিদর্শন করেন।